

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্'র অপকার রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

আল্লাহ তা'আলা বান্দাহ্কে পরিত্যাগ করেন

২৮. গুনাহ্'র কারণে আল্লাহ্ তা'আলা বান্দাষ্কে পরিত্যাগ করেন। তাকে আর কোন ব্যাপারে সহযোগিতা করেন না। বরং তাকে প্রবৃত্তি ও শয়তানের হাতে ছেড়ে দেন। তখন তার ধ্বংস অনিবার্য।

আল্লাহ তা'আলা বলেন:

«يَآ أَيُّهَا الَّذِيْنَ آمَنُوْا اتَّقُوْا الله وَلْتَنْظُرْ نَفْسٌ مَّا قَدَّمَتْ لِغَدِ، وَاتَّقُوْا اللهَ، إِنَّ اللهَ خَبِيْرٌ بِمَا تَعْمَلُوْنَ، وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ نَسُوْا اللهَ فَأَنْسَاهُمْ أَنْفُسَهُمْ، أُوْلَاَئِكَ هُمُ الْفَاسِقُوْنَ»

"হে ঈমানদারগণ! তোমরা আল্লাহ্ তা আলাকে ভয় করো এবং প্রত্যেকেরই এ কথা ভেবে দেখা দরকার যে, সে কিয়ামত দিবসের জন্য কি পুঁজি তৈরি করেছে। অতএব তোমরা আল্লাহ্ তা আলাকেই ভয় করো। তোমাদের কর্ম সম্পর্কে আল্লাহ্ তা আলা নিশ্চয়ই অবগত এবং তোমরা তাদের মতো হয়ো না যারা আল্লাহ্ তা আলাকে ভুলে গিয়েছে। যার ফলে আল্লাহ্ তা আলা (শুধু তাদেরকেই ভুলে যান নি) বরং তাদেরকে আত্মবিস্মৃত করে দিয়েছেন। এরাই তো সত্যিকার পাপাচারী"। (হাশর : ১৮-১৯)

এর চাইতেও বেশি ক্ষতি কারোর জন্য আর কি হতে পারে যে, সে নিজের পরিণতির কথা ভাবে না। নিজের সুবিধা অসুবিধার কথা চিন্তা করে না। নিজের পূর্ণ শান্তি ও ভৃপ্তির আকাঙ্খা তথা তা অর্জনের কোন প্রচেষ্টাই তার নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6601

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন